

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৩৮৩

আগরতলা, ২৬ ফেব্রুয়ারি, ২০২৬

প্রকৃত শিক্ষায় শিক্ষিত হওয়ার পাশাপাশি ছাত্রছাত্রীদের
মানবতাবোধের শিক্ষায় শিক্ষিত হয়ে উঠতে হবে : রাজ্যপাল



২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গড়ে তোলার অভিযানে ছাত্রছাত্রীদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। প্রকৃত শিক্ষায় শিক্ষিত হওয়ার পাশাপাশি ছাত্রছাত্রীদের মানবতাবোধের শিক্ষায় শিক্ষিত হয়ে উঠতে হবে। আজ সন্ধ্যায় জেলাইবাড়ি কলসীতে ডি এম এম ধাম্মাদীপা স্কুলের নতুন ভবনের এবং স্কুলের সপ্তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠানের উদ্বোধন করে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগ্ন একথা বলেন। তিনি বলেন, পরীক্ষায় ভাল ফলাফল ছাত্রছাত্রীদের ক্যারিয়ার গড়তে সাহায্য করে। পাশাপাশি মানবতাবোধ সব ক্ষেত্রেই তাদের পরিপূর্ণ মানুষ হিসেবে গড়ে উঠতে সাহায্য করবে।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে সমবায় মন্ত্রী শুরাচরণ নোয়াতিয়া বলেন, রাজ্যের ছাত্রছাত্রীদের গুণগত শিক্ষায় শিক্ষিত করার লক্ষ্যে রাজ্যের বর্তমান সরকার বিভিন্ন পদক্ষেপ নিয়েছে। স্বাগত বক্তব্য রাখেন ধাম্মাদীপা স্কুলের অধ্যক্ষ ড. খেমছেড়া। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি দীপক দত্ত, ধাম্মাদীপা বুদ্ধিষ্ট বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নরসিমা রাও, দক্ষিণ জেলার অতিরিক্ত জেলাশাসক প্রমুখ।

এর আগে আজ সন্ধ্যায় রাজ্যপাল কলসীমুখের কলসী মহিলা ক্লাস্টার বহুমুখী সমবায় লিমিটেড পরিদর্শন করেন। তিনি ক্লাস্টারের স্বসহায়ক দলের সদস্যদের সঙ্গে মতবিনিয়ময় করেন। কলসী মহিলা ক্লাস্টার বহুমুখী সমবায় লিমিটেডের সভাপতি ক্লাস্টারের কাজকর্ম বিষয়ে রাজ্যপালকে অবহিত করেন। লোক ভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।
